

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৮-৬৪০

তারিখঃ ১০/০৭/২০১৮খ্রিঃ  
সময়ঃ দুপুর ২.০০ ঘটিকা

সমুদ্র বন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দর সমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ১০/০৭/২০১৮ খ্রিঃ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

খুলনা ও বরিশাল বিভাগের অনেক জায়গায়, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা হাওয়া ও বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘণ্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.৫	৩২.৫	৩২.৮	৩৫.০	৩৪.০	৩৪.৬	৩৫.২	৩২.৬
সর্বনিম্ন তাপমাত্রা	২৬.২	২৭.২	২৪.৫	২৫.৫	২৬.৮	২৬.০	২৬.৬	২৬.৪

দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা: সর্বোচ্চ তাপমাত্রা নিকলি, কিশোরগঞ্জ ৩৬.৫° এবং সর্বনিম্ন টেকনাফ ২৪.৫° সেঃ।

এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

- সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	৯৪	অপরিবর্তিত	০১
বৃষ্টি	৩৬	তথ্য পাওয়া যায়নি	০
হ্রাস	৫৭	বিপদসীমার উপরে	০৩

অদ্য নিম্নবর্ণিত ০৩ টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	বিগত ২৪ ঘণ্টায় বৃষ্টি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদসীমার উপরে (সে.মি.)
সিরাজগঞ্জ	কাজিপুর	যমুনা	-১৩	+১৫
সিলেট	শেরপুর-সিলেট	কুশিয়ারা	-২	০
সুনামগঞ্জ	দিরাই	পুরাতন সুরমা	-৬	+২৪

গত ২৪ ঘণ্টার উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গতকাল সকাল ৯.০০টা থেকে আজ সকাল ৯.০০টা পর্যন্ত):

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
কানাইঘাট	২৯.০	চাঁদপুর	২৯.২

কুড়িগ্রাম:- জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা কার্যালয় থেকে জানানো হয়েছে যে, সাম্প্রতিক অতিবৃষ্টি ও নদীর পানি বৃদ্ধির ফলে কুড়িগ্রাম জেলার ৪টি উপজেলার (ফুলবাড়ী, কুড়িগ্রাম সদর, উলিপুর, রাজাহাট) ১৩টি ইউনিয়নের নিম্নাঞ্চলের ৩৩টি গ্রাম আংশিক প্লাবিত হয়ে ৯৪৯টি পরিবারের ৩৪২২ জন লোক এবং ৫৩৯টি ঘরবাড়ীর আংশিক ক্ষতি হয়। নদ-নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। প্লাবিত এলাকার পানি কমে গেছে। বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে।

লালমনিরহাট:- জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, লালমনিরহাট জানান, সাম্প্রতিক অতি বৃষ্টি এবং উজান থেকে নেমে আসা ঢলের কারণে বন্যার পরিস্থিতির সৃষ্টি হয়েছিল এবং জেলার ৩টি উপজেলার (হাতিবান্ধা, আদিতমারী, লালমনিরহাট সদর) নিম্নাঞ্চলের ১২টি ইউনিয়নের ৬৬৭২টি পরিবার এবং ১৪৬টি ঘরবাড়ী আংশিক ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতিগ্রস্তদের সাহায্য হিসাবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক ৩৫.০০ মেঃটন জিআর চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। প্লাবিত এলাকার পানি নেমে গেছে। বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে।



